# দুর্যোগ ঝুঁকি হ্রাসে প্রতিবন্ধী ব্যক্তিদের অংশগ্রহণ: জেন্ডার সহনশীল নীতি এবং ইন্টারসেকশনালিটির জন্য তাত্ত্বিক মডেল তৈরি করা

## সেন্টার ফর ডিসঅ্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট (সিডিডি)

## বাংলাদেশ, দক্ষিণ এশিয়া

### প্রেক্ষাপট

স্থানীয়, জাতীয়, আঞ্চলিক এবং বৈশ্বিক পর্যায়ে দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনায় প্রতিবন্ধী নারী, পুরুষ, কিশোর-কিশোরীদের অর্থপূর্ণ অংশগ্রহণ, অন্তর্ভুক্তি এবং নেতৃত্ব নিশ্চিত করার জন্য 'ঢাকা ঘোষণা ২০১৫+' এ সুনির্দিষ্ট পদক্ষেপের সুপারিশ করা হয়েছিল। সেন্দাই ফ্রেমওয়ার্কের মধ্যে থেকে সরকার, উন্নয়ন সংস্থা, জাতিসংঘ, এনজিও, সিবিও, প্রতিবন্ধী ব্যক্তি, প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন,পেশাদার, সক্রিয় নাগরিক, একাডেমিক প্রতিষ্ঠান, বেসরকারি খাত এবং অন্যান্য মূল স্টেকহোল্ডারদের মধ্যে সহযোগিতা বৃদ্ধির মাধ্যমে এই উদ্দেশ্য অর্জন করতে হবে যাতে তারা একসাথে কাজ করতে পারে এবং সামাজিক অন্তর্ভুক্তির কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করতে পারে। উদ্যোগটি বাস্তবায়ন করার মাধ্যমে এটি সার্বিক দুর্বলতা হ্রাস করতে এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য দুর্যোগের প্রভাব কমাতে সহায়তা করবে। প্রায়োগিক স্তরে দুর্যোগ ঝুঁকি হ্রাসে প্রতিবন্ধী ব্যক্তিদের যুক্ত থাকা এবং অংশগ্রহণমূলক নামক একটি তাত্ত্বিক মডেল প্রস্তুত করার জন্য এই কর্মপ্রকল্প নকশা তৈরি করা হয়েছে।প্রকল্পটি পরিকল্পনার উদ্দেশ্য হচ্ছে একটি জনকেন্দ্রিক পন্থা নিশ্চিত করে যেকোনো ধরনের ভবিষ্যৎ কর্মসূচিতে জেন্ডার সহনশীলতা নীতি ও ইন্টারসেকশনালিটিকে একীভূত করা।

### উদ্দেশ্যসমূহ

প্রতিবন্ধী ব্যক্তিদের জেন্ডার সহনশীল নীতি এবং ইন্টারসেকশনালিটির সাথে একীভূত করার জন্য "প্রতিবন্ধীবান্ধব দুর্যোগ ঝুঁকি হ্রাস (ডিআইডিআরআর)" নামক প্রকল্পটি কার্যকরী প্রয়োগের মাধ্যমে একটি মডেল তৈরি করা।

- একটি সর্বব্যাপী কমিউনিটি ঝুঁকি নিরূপণ (সিআরএ) এবং নগর ঝুঁকি নিরূপণ (ইউআরএ) নির্দেশিকা তৈরি এবং নথিভুক্ত করা।
- গ্রাম ও শহরের বিভিন্ন স্তরের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিতে প্রতিবন্ধী ব্যক্তি এবং নারী সদস্যদের কার্যকর অংশগ্রহণ এবং অন্তর্ভুক্তি নিশ্চিত করা।
- নির্বাচিত ওয়ার্ড দূর্যোগ ব্যবস্থাপনা কমিটি (ডব্লিউডিএমসিএস) কে পরিকল্পনা প্রণয়ন ও প্রয়োগে সহায়তা করা যাতে বেশি ঝুঁকিতে থাকা জনসাধারণকে ইন্টারসেকশনালিটির ওপর ভিত্তি করে অন্তর্ভুক্ত করা যায়।
- দুর্যোগ ঝুকি হ্রাসের সফল প্রয়োগ গুলো নথিভুক্ত করা।



*জিআরআরআইপিপি দক্ষিণ এশিয়ার অন্তর্ভূক্ত সেন্টার ফর ডিসঅ্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট (সিডিডি) বাংলাদেশ উক্ত প্রকল্পের আওতায় জুন মাসে দক্ষিণখালী ইউনিয়ন পরিষদ এবং বাগেরহাটের শরণখোলা উপজেলা পরিষদে স্থানীয় পর্যায়ে একটি বৈধকরণ কর্মশালার আয়োজন করে।*

*ছবিসত্ত্ব: আব্দুল্লাহ আল জুবায়ের, প্রোগ্রাম সহকারী, জিআরআরআইপিপি দক্ষিণ এশিয়া*

## ফলাফল

- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ 'ঢাকা ঘোষণা ১৫+' প্রণয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে, তাই তারা এর লক্ষ্য অর্জনে প্রতিশ্রুতিবদ্ধ।
- ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি) এর আওতাধীন নারী স্বেচ্ছাসেবকদের সক্রিয় ভূমিকা অত্যন্ত প্রশংসনীয় কারণ তারা জেন্ডারবান্ধব দুর্যোগ প্রতিক্রিয়ার ওপর জোর দিয়ে দুর্বল শ্রেণিকে অগ্রাধিকার দেয়।
- নির্বাচিত প্রতিনিধিদের প্রান্তিক জন গোষ্ঠী, বিশেষ করে প্রতিবন্ধী ব্যক্তিদের সহায়তা করতে অনুপ্রাণিত করা হয়।
- আত্ম সহায়তামূলক সংগঠনগুলোর প্রচার শুধুমাত্র স্থানীয় সরকারের প্রোগ্রামে বাজেটের উল্লেখযোগ্য অংশ প্রতিবন্ধী জনগোষ্ঠীর জন্য বরাদ্দে উদ্বুদ্ধ করবে তা নয় বরং উক্ত জনগোষ্ঠীর সকলের অংশগ্রহণও নিশ্চিত করবে।
- কমিউনিটি ঝুঁকি নিরূপণ (সিআরএ)/নগর ঝুঁকি নিরূপণ (ইউআরএ), আরআরএপি-এর নির্দেশিকা ও সম্ভাব্য পরিকল্পনা সম্পর্কে না জানা ও প্রয়োগের অভাব জনসাধারণের সাথে এ বিষয়ে আলোচনা এবং নিয়মিত হালনাগাদ করার প্রয়োজনীয়তা তুলে ধরে।

## প্রস্তাবনা

- জেন্ডার ও ইন্টারসেকশনালিটি বিষয়ক প্রাসঙ্গিক নির্দেশাবলী, সুপারিশ এবং সমস্যাগুলি বিদ্যমান কমিউনিটি ঝুঁকি নিরূপণ (সিআরএ) এবং নগর ঝুঁকি নিরূপণ (ইউআরএ) নির্দেশিকাতে অন্তর্ভুক্ত করে হালনাগাদ করতে হবে।
- প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আত্ম-সহায়তামূলক দলগুলোকে কার্যকর রাখতে এবং তাদের সক্ষমতা বৃদ্ধির ক্ষেত্রে সহায়তা প্রদানের জন্য একটি নিয়মিত প্রক্রিয়া থাকা প্রয়োজন।
- নির্বাচিত নারী প্রতিনিধিদের সক্ষমতা বৃদ্ধির জন্য নিবিড় প্রচেষ্টা চালাতে হবে।
- পারিবারিক পর্যায়ে কাউন্সেলিং পরিচালিত হওয়া উচিত, যাতে নারী সিপিপি স্বেচ্ছাসেবীরা দুর্যোগ প্রতিক্রিয়া কার্যক্রমে অংশগ্রহণ করতে সক্ষম হয়।
- সংশ্লিষ্ট কর্মকর্তাদের বছরে অন্তত দুইবার কমিউনিটি পর্যায়ে কমিউনিটি ঝুঁকি নিরূপণ (সিআরএ)/নগর ঝুঁকি নিরূপণ (ইউআরএ) এবং সম্ভাব্য পরিকল্পনা নির্দেশিকা সম্পর্কে আলোচনা করার উদ্যোগ নেওয়া প্রয়োজন।

## ফলাফল বা প্রভাব

কমিউনিটি ঝুঁকি নিরূপণ (সিআরএ)/নগর ঝুঁকি নিরূপণ (ইউআরএ), আরআরএপি এবং সম্ভাব্য পরিকল্পনা নির্দেশিকা পর্যালোচনা ও বিশ্লেষণ প্রক্রিয়ায় প্রতিবন্ধী ব্যক্তিদের, বিশেষ করে প্রতিবন্ধী নারীদের অংশগ্রহণের প্রচারে এই প্রকল্পটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। প্রকল্পটি প্রতিবন্ধী ব্যক্তিদের সেলফ-হেল্প গ্রুপগুলিকে কার্যকরী রাখার সুযোগ তৈরি করেছে এবং তার পাশাপাশি মূলধারার দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা কর্মসূচি এবং সরকারী সুবিধাগুলিতে প্রতিবন্ধীদের অন্তর্ভুক্তির পক্ষে কাজ করেছে। প্রকল্পটি প্রতিবন্ধী নারীদের জন্য ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচিতে (সিপিপি) স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করার সুযোগ তৈরি করতে সাহায্য করেছে। এছাড়া কমিউনিটি ঝুঁকি নিরূপণ (সিআরএ)/নগর ঝুঁকি নিরূপণ (ইউআরএ), আরআরএপি এবং সম্ভাব্য পরিকল্পনা নির্দেশিকা পর্যালোচনা বিশ্লেষণ প্রকল্পটিকে আরও প্রতিবন্ধী বান্ধব করতে সহায়তা করবে।



*জিআরআরআইপিপি দক্ষিণ এশিয়ার অন্তর্ভূক্ত সেন্টার ফর ডিসঅ্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট (সিডিডি) বাংলাদেশ উক্ত প্রকল্পের আওতায় জুন মাসে দক্ষিণখালী ইউনিয়ন পরিষদ এবং বাগেরহাটের শরণখোলা উপজেলা পরিষদে স্থানীয় পর্যায়ে একটি বৈধকরণ কর্মশালার আয়োজন করে। ছবিসত্ব: সিডিডি টিম*

**দুর্যোগ ঝুঁকি হ্রাসে প্রতিবন্ধী ব্যক্তিদের অংশগ্রহণ: জেন্ডার সহনশীল নীতি এবং ইন্টারসেকশনালিটির জন্য তাত্ত্বিক মডেল তৈরি করা**

সেন্টার ফর ডিসঅ্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট (সিডিডি)

জেন্ডার রেসপন্সিভ রিজিলিয়েন্স অ্যান্ড ইন্টারসেকশনালিটি ইন পলিসি অ্যান্ড প্র্যাক্টিস (গ্রিপ) একটি ইউকেআরআই কালেক্টিভ ফান্ডের অর্থায়নে বাস্তবায়িত প্রকল্প যার লক্ষ- 'নেটওয়ার্কিং প্লাস পার্টনারিং ফর রিজিলিয়েন্স'